

🗏 আয-যুমার | Az-Zumar | ٱلزُّمَر

আয়াতঃ ৩৯ : ৩৯

💵 আরবি মূল আয়াত:

قُل يٰقُومِ اعمَلُوا عَلَى مَكَانَتِكُم إنِّي عَامِلٌ فَسَوفَ تَعلَمُونَ ﴿٣٩﴾

🗚 অনুবাদসমূহ:

বল, 'হে আমার কওম, তোমরা তোমাদের স্থলে কাজ করে যাও, নিশ্চয় আমিও আমার কাজ করব। অতঃপর শীঘ্রই তোমরা জানতে পারবে'। — আল-বায়ান

বল, হে আমার সম্প্রদায়! তোমরা তোমাদের পথ ও মত অনুযায়ী কাজ করে যাও, আমিও কাজ করে যাচ্ছি, অচিরেই তোমরা জানতে পারবে — তাইসিকল

বলঃ হে আমার সম্প্রদায়! তোমরা স্ব স্ব অবস্থায় কাজ করতে থাক, আমিও আমার কাজ করছি। শীঘ্রই জানতে পারবে – মুজিবুর রহমান

Say, "O my people, work according to your position, [for] indeed, I am working; and you are going to know — Sahih International

৩৯. বলুন, হে আমার সম্প্রদায়! তোমরা স্ব স্ব অবস্থানে কাজ করতে থাক, নিশ্চয় আমি আমার কাজ করব।(১) অতঃপর শীঘ্রই তোমরা জানতে পারবে(২)—

- (১) মুজাহিদ বলেন, অর্থাৎ আমিও আমার পূর্ববর্তী নবীদের মত করে ধীরে ধীরে কাজ করে যাব। [তাবারী]
- (২) অর্থাৎ যখন আল্লাহর আযাব আসবে, তখন আমাদের মধ্যে কে হকপথে আছে আর কে বাতিল পথে আছে, কে পথভ্রম্ভ আর কে সঠিক পথে আছে তা তখনই জানা যাবে। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

- (৩৯) বল, 'হে আমার সম্প্রদায়! তোমরা স্ব-স্ব অবস্থায় কাজ করতে থাক, আমিও আমার কাজ করছি।[1] অতঃপর শীঘ্রই জানতে পারবে--
 - [1] অর্থাৎ, যদি তোমরা আমার এই তাওহীদের দাওয়াতকে কবুল না কর, যা দিয়ে আল্লাহ আমাকে প্রেরণ করেছেন, তবে ঠিক আছে, তোমাদের ইচ্ছা। তোমরা যে অবস্থায় আছ, তারই উপর প্রতিষ্ঠিত থাক। আর আমিও এই অবস্থার উপর প্রতিষ্ঠিত থাকছি, যার উপর আল্লাহ আমাকে রেখেছেন।

তাফসীরে আহসানুল বায়ান





• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4097

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন